

আমnesty ইন্টারন্যাশনাল
আমনি কেম্পেইন

১৯০২ সালের ৬৯-৯

আমনি ইন্টারন্যাশনাল
আমনি কেম্পেইন



এখনই পদক্ষেপ নিন

নাইজেরিয়ার রাষ্ট্রপতিকে লিখুন:

- উদ্বেগ প্রকাশ করুন যে, পোর্ট হারকোর্টের নদী তীরবর্তী এলাকায় বসবাসকারী ২,০০,০০০ এরও বেশি মানুষ বলপূর্বক উচ্ছেদের ঝুঁকির মুখে রয়েছে।
- রাষ্ট্রপতির প্রতি একটি জাতীয় বাসস্থান নীতি গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানান। যার মাধ্যমে নাইজেরিয়ানদের জন্য পর্যাপ্ত বাসস্থানের ব্যবস্থা নিশ্চিত করা হবে এবং সেটি না হওয়া পর্যন্ত রাষ্ট্রপতিকে নাইজেরিয়াতে উচ্ছেদ অভিযান পরিচালনা করার উপর নিষেধাজ্ঞা ঘোষণা করার জন্য আহ্বান জানান।

আবেদনপত্র পাঠিয়ে দিন:

His Excellency Goodluck Jonathan
President of the Republic of Nigeria
Office of the President
Nigerian Presidential Complex
Aso Rock Presidential Villa
Abuja
Federal Capital Territory
Nigeria

সম্বোধন: মহামান্য / Your Excellency

সংহতি জানিয়ে বার্তা লিখুন:

পোর্ট হারকোর্টের বাসিন্দাদের প্রতি সংহতি জানাতে “আমি নদী তীরবর্তী বাসিন্দাদের প্রতি সমর্থন জানাচ্ছি” (“I support the waterfronts”) লেখা কাগজ ধরে ছবি তুলুন এবং সেই ছবি নিচের ওয়েব ঠিকানায় আপলোড করুন:

<http://www.people-live-here.org/solidarity>

নদী তীরবর্তী বাসিন্দাদের কাছে পাঠানো এই ছবিগুলো নিয়ে ২০১২ সালে পোর্ট হারকোর্টে একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হবে।

AMNESTY
INTERNATIONAL



Amnesty International
International Secretariat
Peter Benenson House
1 Easton Street
London WC1X 0DW
United Kingdom

সেপ্টেম্বর ২০১১
সূচি নম্বর: AFR 44/017/2011
Bengali

www.amnesty.org/individuals-at-risk

পোর্ট হারকোর্টের বাসিন্দাদের জন্য এখনই পদক্ষেপ নিন



নাইজেরিয়াতে ২০০০ সাল থেকে এযাবতকালে ২০ লাখেরও বেশি মানুষকে তাদের ঘরবাড়ি থেকে জোরপূর্বক উচ্ছেদ করা হয়েছে। আরো লাখ লাখ মানুষ তাদের ঘরবাড়ি হারানোর ঝুঁকির মুখে রয়েছেন।

উচ্ছেদের ক্ষেত্রে সাধারণত প্রান্তিক জনগোষ্ঠী ও বস্তিবাসীরা লক্ষ্যবস্তুতে পরিণত হয়। যাদের অনেকে বছরের পর বছর ধরে পরিস্কার পানি, স্যানিটেশন পর্যাপ্ত স্বাস্থ্য যন্ত্র কিংবা শিক্ষা ছাড়াই এলাকাগুলোতে বসবাস করছেন।

কোন কোন সময় পরিকল্পিত উচ্ছেদ অভিযানের বিরুদ্ধে প্রতিবাদকারীদের দমনে নিরাপত্তা বাহিনীগুলো অত্যধিক শক্তি ব্যবহার করে থাকে। ২০০৯ সালের ১২ অক্টোবর রিভার্স প্রদেশের পোর্ট হারকোর্টের বুদ্ধু ওয়াটারফ্রন্ট এলাকায় ঘরবাড়ি গুড়িয়ে দেওয়ার বিরুদ্ধে এলাকাবাসী শান্তিপূর্ণ বিক্ষোভ প্রদর্শনকালে নিরাপত্তা বাহিনীর সদস্যরা গুলি ছুড়লে ১২ জন প্রতিবাদকারী গুলিবিদ্ধ হয়।

২০০৯ সালের ২৮ আগস্ট পোর্ট হারকোর্টে অবস্থিত অননুমোদিত বস্তি এলাকা এনজিমানঝে গুড়িয়ে দেওয়া হলে হাজার হাজার নারী, পুরুষ ও শিশু গৃহহীন হয়ে পড়ে। এলাকাটি গুড়িয়ে দেওয়ার আগে ওখানকার বাসিন্দাদের সঙ্গে সত্যিকার অর্থে কোন পরামর্শ সভা আয়োজন করা হয়নি, এবং তাদেরকে এলাকা ছাড়ার জন্য যথেষ্ট আগেভাগে জানানো হয়নি এবং তাদেরকে ক্ষতিপূরণ, বিকল্প বাসস্থান কিংবা আইনী প্রতিকারের জন্য আবেদন করার সুযোগ দেওয়া হয়নি, যদিও এই ধরনের উচ্ছেদের আগে আন্তর্জাতিক মানবাধিকার আইনের মানদণ্ড অনুসারে এমনটি করার দরকার রয়েছে।

এনজিমানঝে পোর্ট হারকোর্টের তীরে অবস্থিত ৪০টিরও বেশি বস্তি এলাকার একটি। কর্তৃপক্ষ যদি মানবাধিকার সুরক্ষার পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ না করেই পরিকল্পনামাফিক পোর্ট হারকোর্টের বাকি বসত এলাকাগুলোতে উচ্ছেদ অব্যাহত রাখে সেক্ষেত্রে ২,০০,০০০ এরও বেশি মানুষ বলপূর্বক উচ্ছেদ অভিযানের ঝুঁকির মুখে পড়বে।

রিভার্স প্রদেশের সরকার দাবী করছে যে শহর পুনর্গঠন কর্মসূচির প্রয়োজনে নদী তীরবর্তী বসতবাড়িগুলো অপসারণের দরকার রয়েছে। যদিও, ক্ষতিগ্রস্ত এলাকাবাসীর সঙ্গে কোন ধরনের পরামর্শ ছাড়াই শহর পুনর্গঠনের পরিকল্পনা করা হয়েছে।

আন্তর্জাতিক আইন অনুসারে নাইজেরিয়াকে অবশ্যই জনগণের জন্য পর্যাপ্ত বাসস্থানের অধিকার নিশ্চিত করতে হবে এবং রাষ্ট্রকে অবশ্যই বলপূর্বক উচ্ছেদ অভিযান পরিচালনা প্রতিহত করতে হবে ও এই ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকতে হবে। নদী তীরবর্তী বাসিন্দাদের বাসস্থান নকশা প্রণয়ন কৌশল ও কর্মসূচি সম্পর্কে আগেভাগে জানার অধিকার রয়েছে।

৩-১৭ ডিসেম্বর ২০১১

অধিকারের জন্য লিখুন
অসাধারণ কিছু করুন